জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা

বিষয় ঃ জননিরাপত্তা বিভাগের অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জননিরাপত্তা বিভাগের অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি এবং পেনড্রাইভে সফটকপি আগামী ১৭ নভেম্বর/২০১৯ (Nikosh Unicode Font) তারিখের মধ্যে প্রশাসন-৩ অধিশাখায় সরাসরি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

১৩/১১/১৯
(মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: admin3@mhapsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব ........................................(সকল) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব ..............................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। উপসচিব ..............................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। উপ-প্রধান (পরিকল্পনা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিঃ সহকারী সচিব/সিনিঃ সহকারী প্রধান.....................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। সহকারী সচিব......................... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, (সভার নোটিস ও কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য।

স্মারক নং -৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.২০১৯-৫০১ তারিখ ঃ ১৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ

সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

# জননিরাপত্তা বিভাগের অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোস্তাফা কামাল উদ্দীন
সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

তারিখ : ৩০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

সময় : বেলা ১০:০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি), অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত), অতিরিক্ত সচিব (উন্নয়ন), অতিরিক্ত সচিব (আইন ও শৃংখলা), অতিরিক্ত সচিব (সীমান্ত অধিশাখা), অতিরিক্ত সচিব (রাজ-২), অতিরিক্ত সচিব (পুলিশ-২), সহ জননিরাপত্তা বিভাগের বিভিন্ন শাখার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভার কার্যক্রম শুরু করেন।

২.০ আলোচনা :

সভাপতি জননিরাপত্তা বিভাগের সকল শাখা/অধিশাখার কর্মকর্তাদের আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান। পদ সৃজন বিষয়ে কোথায় কতটি পদ সৃজন করতে হবে সেই বিষয়ে এখনই পরিকল্পনা গ্রহণ করতে বলেন এবং পদ সৃজন এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রকল্পন প্রনয়নের সময় খাতওয়ারী খরচ পরীক্ষা নিরিক্ষা করতে বলেন। এছাড়া পেন্ডিং বিষয় গুলো জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/মন্ত্রিপরিষদ বিভাগ-এ যোগাযোগ করে নিষ্পন্ন করার তাগিদ দেন।

২.১ অতিরিক্ত সচিব পদে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাদের শুভেচ্ছা ও আন্তরিক ধন্যবাদ প্রদান করেন এবং দেশের জন্য কাজ করে যেতে বলেন।

৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ৩.১ জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহ পদ সৃজনের প্রস্তাবের তালিকা প্রস্তুত করতে হবে। এ প্রস্তাবসমূহ কোনটি কোথায় পেন্ডিং আছে তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | অনুবিভাগ (সকল) |
| ৩.২ প্রকল্প প্রণয়নের সময় ডিপিপি-তে ব্যয় প্রাক্কলন যথাযথভাবে করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ |
| ৩.৩ প্রত্যেক অনুবিভাগের পেন্ডিং তালিকার বিপরীতে বিষয়ের শিরোনাম উল্লেখ করতে হবে। | অনুবিভাগ (সকল) |
| ৩.৪ জননিরাপত্তা বিভাগ হতে আওতাধীন অধিদপ্তরসমূহে প্রেরিত অভিযোগসমূহের (বিগত (০১) এক বছরের) কি ব্যবস্থা নেওয়া হয়েছে তার প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | আইন ও শৃংখলা অনুবিভাগ |
| ৩.৫ চাঞ্চল্যকর মামলা ও ঘটনাসমূহ মনিটরিং এর জন্য গঠিত কমিটির নিয়মিত সভা করে বিষয়গুলো তদারকি করতে হবে। এ ধরনের চাঞ্চল্যকর ঘটনা ঘটার সাথে সাথে সংশ্লিষ্ট পুলিশ সুপার হতে তাৎক্ষণিক প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ/আইন ও শৃংখলা অনুবিভাগ |
| ৩.৬ এসবির নিকট চাকুরীর ও নিরাপত্তা সংক্রান্ত প্রতিবেদনের পেন্ডিং তালিকা সংগ্রহ করে তার নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে। | পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ |
| ৩.৭ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে আনসার ব্যাটালিয়ন নিয়োগ প্রস্তাবের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | আনসার ও সীমান্ত অনুবিভাগ |

৪.০ সভায় আগস্ট/২০১৯ ও পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় :

| | | | |
|---|---|---|---|
| ৩.১ | পরিদর্শন :<br>(ক) সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন করতে হবে।<br>(খ) জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শন করতে হবে। | সেপ্টেম্বর/২০১৯ মাসে জননিরাপত্তা বিভাগের ২৪টি শাখা পরিদর্শন করা হয়েছে। | অনুবিভাগ প্রধান /(সকল) শাখাঅধিশাখার / দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ৩.২ | জননিরাপত্তা বিভাগের ৩৭টি শাখা/ অধিশাখা হতে পেন্ডিং বিষয়াদির বিবরণী প্রাওয়া গেছে। নিষ্পত্তির তথ্য চিত্র উপস্থাপিত হয়েছে যা এ সাথে সংযুক্ত। | জননিরাপত্তা বিভাগের ৩৭টি শাখা/অধিশাখা হতে পেন্ডিং বিষয়াদির বিবরণী পাওয়া গেছে। নিষ্পত্তির তথ্য চিত্র উপস্থাপিত হয়েছে। | অনুবিভাগ প্রধান (সকল)/শাখা/অধি শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |

<table>
<tr><td>৩.৩</td><td><u>প্রকল্পসমূহ পরিদর্শন</u><br>জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শনের কার্যক্রম চলমান রয়েছে।</td><td>জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শনের কার্যক্রম চলমান রয়েছে।</td><td>উন্নয়ন অনুবিভাগ</td></tr>
<tr><td>৩.৪</td><td>জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে ই-টেন্ডারিং-এর আওতায় বাস্তবায়ন করতে হবে।</td><td>জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় ই-টেন্ডারিং-এর আওতায় গত অর্থবছরে সম্পন্ন করা হয়েছে। বর্তমানে অর্থ বছরে ই-টেন্ডারিং কার্যক্রম এখনও হয়নি।<table><tr><td>বিবেচ্য মাস</td><td>মোট টেন্ডারের সংখ্যা</td><td>ই-টেন্ডার এর সংখ্যা</td><td>ই-টেন্ডারের শতকরা হার</td></tr><tr><td>সেপ্টেম্বর/২০১৯</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr></table></td><td>প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন অধিশাখা-২ ও গণপূর্ত বিভাগ</td></tr>
<tr><td>৩.৫</td><td>GRS সম্পর্কিত অভিযোগসমূহ নিয়মিতভাবে নিষ্পত্তি করতে হবে।</td><td><table><tr><td>মাসের নাম</td><td>বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা</td><td>বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা</td></tr><tr><td>সেপ্টেম্বর/২০১৯</td><td>৩২</td><td>৩২</td></tr></table></td><td>আইন অনুবিভাগ/ আইন অধিশাখা</td></tr>
<tr><td>৩.৬</td><td><u>অধিদপ্তর/দপ্তরের জনবল সংক্রান্ত</u> :<br><u>(ক) বিজিবি</u><br>বিজিবির চাহিদাকৃত ১৫০০০ জনবলের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ৪২৮২টি পদের সম্মতি গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রস্তাবটি অর্থ বিভাগে অনুমোদনের অপেক্ষমান।<br><br><u>(খ) আনসার</u><br>জনপ্রশাসন মন্ত্রণালয় উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের ৬১টি পদ সৃজনের প্রস্তাবটি বিবেচনার জন্য কতিপয় তথ্য প্রদানের জন্য অনুরোধ করে। এ প্রেক্ষিত আনসার ও ভিডিপি অধিদপ্তর গত ১১/০৭/১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জিজ্ঞাস্য তথ্যাদি প্রেরণ করে।<br><br><u>(গ) বাংলাদেশ পুলিশ</u><br>বাংলাদেশ পুলিশে পর্যায়ক্রমে অতিরিক্ত জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td><u>(ক) বিজিবি</u><br>জননিরাপত্তা বিভাগ এর ৩৬৩ নং স্মারকের ০২/১০/২০১৯ তারিখে বিজিবির'র জন্য ৪২৮২টি পদ সৃজনের লক্ষ্যে সচিব কমিটিতে উপস্থাপনের নিমিত্ত সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br><u>(খ) আনসার</u><br>উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের ৬১টি পদ সৃজনের প্রস্তাবটিতে সম্মতি প্রদানের লক্ষ্যে ০৫/০২/২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ১৮/০৯/২০১৯ খ্রিঃ তারিখে উপজেলা গঠনে নিকার এর প্রজ্ঞাপনের কপি প্রদানের জন্য অনুরোধ করা হয়। উপজেলা গঠনে নিকার এর কপি সংগ্রহ করা হচ্ছে। কপি সংগ্রহের পর তা পুনঃরায় প্রেরণ করা হবে।<br><br><u>(গ) বাংলাদেশ পুলিশ</u><br>৪টি নতুন থানার জন্য ২৩৮টি পদ সৃজন (ভাসানচর থানা-৬৩জন, পদ্মাসেতু (দক্ষিণ) থানা-২৫জন, পদ্মাসেতু (উত্তর) থানা-২৭ জন, ভুল্লি থানা-৬০ জন ও দক্ষিণ রাঙ্গুনিয়া থানা-৬৩জন) এবং দুটি তদন্ত কেন্দ্র কে আলাদা-আলাদা থানায় উন্নতিকরণে (ঈদগাঁও তদন্তকেন্দ্র-৩৪ এবং দর্শনা তদন্তকেন্দ্র-২২ জন) ৫৬টি পদ সৃজনসহ মোট ৩৯৪টি পদ সৃজনের জন্য সার-সংক্ষেপ প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এ প্রেরণ করা হয়েছে। এছাড়া ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এর নিরাপত্তার জন্য ঢাকা জেলা পুলিশের সাংগঠনিক কাঠামোটে ১১০টি পদ সৃজন এবং কক্সবাজার এলাকার নিরাপত্তার জন্য একটি আর্মড পুলিশ ব্যাটালিয়ন (১৬ আর্মড পুলিশ ব্যাটালিয়ন) গঠন এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ৫৮৮টি পদ সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি অনুমোদন প্রদান করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রেরণের নিমিত্ত নথি উপস্থাপন করা হয়েছে।</td><td></td></tr>
</table>

৫.০ এ পর্যায়ে সভাপতি সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সকল কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোস্তাফা কামাল উদ্দীন)
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।